

স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ বাগেরহাট সদর, বাগেরহাট।

সমিতি গঠনের পটভূমিঃ

সমবায়ের চেতনা ও ধ্যান-ধারণাকে অর্থনৈতিক মুক্তি ও দারিদ্র বিমোচনের অন্যতম পদ্ধতি হিসেবে বিবেচনা করে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বারবার উল্লেখ করেছেন, ধনীর ধনে দারিদ্র বিমোচন হয় না। দারিদ্র বিমোচন হতে পারে গরীব জনসাধারণের সম্পদ সৃজন ও উৎপাদনের ক্ষমতা অর্জনের মাধ্যমে। আবার দরিদ্র মানুষ একাকী অনেক দূর অগ্রসর হতে পারে না, প্রয়োজন সম্মিলিত উদ্যোগ, প্রয়োজন সমবায় ভাবনা। আর এই ভাবনা থেকেই এ সমিতি গঠন ও এর পথ চলা।

সমিতির নাম ও ঠিকানাঃ

সমিতির নাম : স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
ঠিকানা : গ্রামঃ দে-পাড়া, ডাকঃ দে-পাড়া, উপজেলাঃ বাগেরহাট সদর,
জেলাঃ বাগেরহাট।
নিবন্ধন নং ও তারিখ : ৪৪ বা, তারিখঃ ০৬/০৩/২০১৬ খ্রিঃ।

সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- সঞ্চয়ের প্রতি উদ্বুদ্ধ করা এবং সঞ্চয়ের মাধ্যমে সদস্যদের আর্থিক সামর্থ্য বৃদ্ধিতে অবদান রাখা,
- দারিদ্র বিমোচন স্ব-কর্মসংস্থানমূলক উদ্যোগসমূহ বাস্তবায়নে সমিতির সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা।
- জাতীয় উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানে সহায়ক কুটির ও মাঝারী শিল্প স্থাপনে সমবায় উদ্যোগ হিসাবে ভূমিকা নেওয়া।
- সমাজ কল্যাণমূলক কার্যক্রম এবং নারী ও শিশু উন্নয়নে বিশেষ কার্যক্রম পরিচালনা করা।
- ক্ষুদ্র ব্যবসায়ীদের একত্রিত করে তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমা করে নিজেরা সাফল্য মন্ডিত হওয়া।

সমিতির বর্তমান অবস্থাঃ

ক্রঃ নং	বিবরণ	জন/ টাকা।
০১	সদস্য সংখ্যা	৩৫১ জন
০২	শেয়ার মূলধন	১,২৮,২০০/-
০৩	সঞ্চয় আমানত	৩৮,৪৩,৬৩৩/-
০৪	বিনিয়োগ পাওনা	৪৫৭৭১৮৯/-
০৫	সংরক্ষিত তহবিল	১১৯৮০০/-
০৬	কু-ঋণ তহবিল	৭৯,৮৬৮/-
০৭	স্থায়ী সম্পদ	৫৮,৪০১/-
০৮	পুঞ্জীভূত লাভ	৫,০২,০১১/-

০৯	ব্যাংকে স্থিতি	৯২,৩৬৭/-
১০	হাতে নগদ	১,২২,২৯৩/-

সমিতির উন্নয়ন কার্যক্রম:

ক) আর্থিক কার্যক্রম:

এ সমিতি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রকার আর্থিক কার্যক্রম করে থাকে। যা নিম্নরূপ:

আমানত সেবা

- মাসিক সঞ্চয়
- সাপ্তাহিক সঞ্চয়

বিনিয়োগ সেবা

- ক্ষুদ্র ব্যবসা খাতে বিনিয়োগ
- গৃহসামগ্রী খাতে বিনিয়োগ
- অটোরিক্সা/ভ্যান খাতে বিনিয়োগ ইত্যাদি।

খ) কর্মসংস্থান সৃষ্টি:

কর্মসংস্থান সৃষ্টি ও উৎপাদনমুখী কর্মকান্ডে সম্পৃক্তকরনে এ সমিতি ভূমিকা রেখে চলেছে। সমিতির প্রচেষ্টায় সমিতিতে চলমান কার্যাদি সম্পন্নের লক্ষ্যে ইতিমধ্যে ০৫ জনের সরাসরি কর্মসংস্থান হয়েছে। এছাড়াও এ সমিতির বিভিন্ন প্রকার বিনিয়োগ সেবার মাধ্যমে পরোক্ষভাবে প্রায় ১৫২ জনের স্ব-কর্মসংস্থান হয়েছে।

সমিতির বিভিন্ন সামাজিক কার্যক্রম:

সমবায়ের মূলনীতির একটি অংশ সামাজিক দায়বদ্ধতা। এ দায়বদ্ধতা থেকে এ সমিতি নিম্নবর্ণিত সামাজিক কার্যক্রম করে থাকে। যেমন:

১। পরিবার পরিকল্পনা, মাদক বিরোধী সচেতনতা, যৌতুক বিরোধী আন্দোলন এবং ইভটিজিং প্রতিরোধ ইত্যাদি বিষয়ে সামাজিক সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করছে।

২। সমিতির মাধ্যমে বিভিন্ন সামাজিক সমস্যার সমাধান করা হচ্ছে।

৩। বিভিন্ন সংগঠনের সাথে সম্পৃক্ত থেকে তাদেরকে উন্নয়ন মূলক কর্মকান্ডে অংশ গ্রহনে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহন করে আসছে।

৪। এ ছাড়া জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে বিভিন্ন ধর্মীয় উৎসব পালনে আলোচ্য সমিতি সামাজিক দায়িত্ব পালন করে আসছে।

৫। মহামারী করোনা কালীন সময় গরীব মানুষের মধ্যে মাঝ ও হ্যান্ড স্যানিটাইজার সামগ্রি বিতরণ করেছে।

৬। জাতীয় সমবায় দিবসে জাকজমক ভাবে সমিতির সদস্যগন উপস্থিত হয়েছে।

পরিশেষে:

সমিতিটি তার সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে এবং সদস্য ছাড়া এলাকার সাধারণ জনসাধারণের জীবনমানেরও উন্নয়ন সাধিত হবে। সদস্যদের উদ্দিষ্ট করার জন্য সমিতির পক্ষ থেকে আনন্দ ভ্রমণ করা হয়েছে। এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।